গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

আর্থিকভাবে অসচ্ছল, সহায়সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ জনগোষ্ঠীর আইনি অধিকার নিশ্চিতকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০০ সালে ''আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০" প্রণয়ন করে। এ আইনের আওতায় সরকার "জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা" প্রতিষ্ঠা করে। সরকারি খরচে গত তিন অর্থবছরে জেলা লিগ্যাল এইড অফিস, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, জাতীয় হেল্পলাইন কলসেন্টার এবং ঢাকা ও চট্টগ্রামে স্থাপিত দুইটি শ্রমিক আইন সহায়তা সেল থেকে নারী, পুরুষ, শিশু ও কারাবন্দীসহ সর্বমোট ৩,৭৬,২৩১ (তিন লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত একত্রিশ) জন ব্যক্তিকে আইনি সেবা প্রদান করা হয়েছে। কারাগারে আটক ২৯,৫১৫ জন কারাবন্দীকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। বিগত তিন বছরে দেওয়ানী, ফৌজদারী ও পারিবারিক মামলাসহ মোট ৪৯,২৭৮ টি মামলা লিগ্যাল এইড প্রদানের মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে। জেলা লিগ্যাল এইড অফিসারের মধ্যস্থতায় বিকল্প বিরোধ নিস্পত্তি (এডিআর) পদ্ধতিতে মামলা পূর্ব বিরোধ (প্রি-কেইস) এবং মামলা পরবর্তী মোকদ্দমা সহ (পোস্ট-কেইস) মোট ৫৮,৭৯৯ টি বিরোধ নিস্পত্তি করা হয়েছে। উক্ত সময়ে এডিআরের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পক্ষকে ১০২,৩১,০১,৩৭২/-টাকা আদায় করে দিতে সক্ষম হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত ভৌত অবকাঠামো, বিকল্প বিরোধ নিস্পত্তি কার্যক্রম পরিচালনা ও এর গোপনীয়তা রক্ষার্থে আনুষঙ্গিক সুযোগ-সুবিধার অপ্রতুলতা, পর্যাপ্ত ও দক্ষ জনবলের অভাব, কার্যকর ডিজিটাল লিগ্যাল এইড প্রদানে তথ্য প্রযুক্তি ব্যবহারের সীমাবদ্ধতা, প্যানেল আইনজীবীদের জবাবদিহিতা নিশ্চিত না হওয়া, তৃণমূল পর্যায়ে সরকারি আইনি সেবার প্রচারণা বৃদ্ধি অন্যতম চ্যালেঞ্জ। চ্যালেঞ্জসমূহ বাস্তবায়নে লিগ্যাল এইড অফিসে প্রয়োজনীয় যানবাহনসহ আনুষঙ্গিক সুবিধাদি ও জনবল, কর্মকর্তা, আইনজীবী ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি ও তথ্য প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জনগণের সমান আইনের আশ্রয় লাভের অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত সরকারি আইনি সেবার কর্মব্যাপ্তি বাড়ানোর উদ্দেশ্যে প্রতিটি জেলায় জেলা লিগ্যাল এইড অফিসের জন্য ২০৩০ সালের মধ্যে পৃথক ভৌত অবকাঠামো নির্মাণ; ২০২৫ সালের মধ্যে পূর্ণাঙ্গ ও কার্যকর আইনি সেবা নিশ্চিতকল্পে সরকারি-বেসরকারি পর্যায়ে পরিচালিত সকল আইনি সেবাকে একটি প্যাকেজের আওতায় এনে যৌথ উদ্যোগে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আইনি সহায়তার জন্য একটি সমন্বিত 'প্যাকেজ সার্ভিস' পরিচালনা করা; নিম্ন আদালত থেকে শুরু করে সর্বোচ্চ আদালত- সুপ্রীম কোর্ট পর্যন্ত দরিদ্র জনগোষ্ঠীর জন্য আরো গঠনমূলক ও উন্নত সরকারি আইনগত সহায়তা নিশ্চিত করা; আইটি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা; কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন ই-সেবা নিশ্চিত করা; শ্রমজীবী নারী ও পুরুষ কর্মীদের মজুরী, নিরাপত্তা ও চাকুরির অধিকার সংক্রান্ত বিরোধগুলো নিস্পন্ন করতে সকল শ্রম আদালত ও ট্রাইব্যুনালে সরকারি আইন সহায়তা কার্যক্রম সম্প্রসারণ করা; মামলাজট কমাতে ২০২৫ সালের মধ্যে এডিআর বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি করা এবং এ সেবা নিশ্চিত করার জন্য অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মোট বিচার প্রার্থীর মধ্যে সম্ভাব্য ১,৭৫,০০০ জন বিচারপ্রার্থীকে সরকারি খরচে আইনি সহায়তা প্রদান;
- বিকল্প বিরোধ নিস্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা/ বিরোধ নিস্পত্তির হার বৃদ্ধি করে আদালতের মামলাজট হ্রাস করা;
- সরকারি আইনি সহায়তায় জাতীয় হেল্পলাইনের মাধ্যমে সবচেয়ে সহজে ডিজিটাল পদ্ধতিতে আইনি তথ্য প্রাপ্তির হার আরো বৃদ্ধি করা;
- আইন সহায়তা পাওয়ার যোগ্য নারী, শিশু ও কারাবন্দীদের ১০০% আইন সহায়তা নিশ্চিত করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ....০৬...... মাসের ....২০...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য সমান বিচার প্রবেশাধিকার নিশ্চিত করে সুবিচার প্রাপ্তির পথ সুগম করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আইনগত সহায়তা প্রদান আইন অনুসারে গরিব জনগণকে উচ্চ মানসম্পন্ন আইনগত সহায়তা প্রদান করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বিচার প্রাপ্তিতে অভিগম্যতা

২. আইনগত সহায়তা কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি

৩. বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি প্রয়োগের মাধ্যমে মামলাজট হ্রাস

৪. আইনগত সহায়তা বিস্তারে সচেতনতামূলক কার্যক্রম

৫. আইনগত শিক্ষা বিস্তার।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ন্যায় বিচারে সহজ অভিগম্যতা নিশ্চিত করা,

২. আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আইনগত সহায়তা পাওয়ার যোগ্যতা নিরুপণ ও উহা প্রদান সম্পর্কিত বিষয়ে নীতিমালা প্রণয়ন করা;

৩. বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে মামলা জট হ্রাস করা

৪. আইনগত সহায়তা প্রদান কর্মসূচীর বিস্তার, মানোন্নয়ন ও বিকাশে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা;

৫. আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা;

৬. আইনগত সহায়তা সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করা;

৭. জেলা কমিটি বা বিশেষ কমিটি কর্তৃক প্রত্যাখ্যাত আবেদন বা দরখাস্ত বিবেচনা করা;

৮. সুপ্রীম কোর্ট কমিটি,জেলা কমিটি এবং বিশেষ কমিটির কার্যাবলী তদারকি ও নিয়ন্ত্রণ এবং উহাদের কার্যাবলী সরেজমিনে পরিদর্শন করা;

৯. আইনগত শিক্ষা বিস্তারের পদক্ষেপ গ্রহণ করা;

১০. আইনগত তথ্য সহজলভ্য করা;

১১. উপর্যুক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বিচার প্রাপ্তিতে অভিগম্যতা | আর্থিকভাবে অস্বচ্ছল ও সহায়-সম্বলহীন এবং নানাবিধ কারণে বিচার ব্যবস্থায় প্রবেশের সুবিধা প্রাপ্ত হওয়া | সংখ্যা | ১৪০০১৫ | ১১৩৭৮৭ | ১৭৫০০০ | ২০০০০০ | ২১০০০০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | সংস্থার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক প্রতিবেদন |
| বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি প্রয়োগের মাধ্যমে মামলাজট হ্রাস | প্রি-কেইস ম্যানেজমেন্ট এর মাধ্যমে মামলা দায়ের রোধ ও পোস্ট-কেইস ম্যানেজমেন্ট এর মাধ্যমে মামলা জট হ্রাস | সংখ্যা | ১০১২৬ | ২৪১১৪ | ২৬০০০ | ২৭০০০ | ২৮০০০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | সংস্থার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক প্রতিবেদন |
| আইনগত সহায়তা কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি | সমসাময়িক বিষয়ে প্রশিক্ষিত আইনগত সহায়তা প্রদানকারী | সংখ্যা | ১২০৮ | ৩৯৬ | ৪৭৫ | ৫০০ | ৫৫০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | সংস্থার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক প্রতিবেদন |
| আইনগত সহায়তা বিস্তারে সচেতনতামূলক কার্যক্রম | আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | সংখ্যা | ৭২২ | ৪৯৬ | ৬৩০ | ৬৮৫ | ৭৪০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | সংস্থার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক প্রতিবেদন |
| আইনগত শিক্ষা বিস্তার | আইনগত মৌলিক ধারণা বিস্তারে আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/কুইজ প্রতিযোগিতা | সংখ্যা | ৮৬ | ৬০ | ৫০ | ৫৫ | ৬০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | সংস্থার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] বিচার প্রাপ্তিতে অভিগম্যতা | ২৫ | [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর সর্বমোট সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪০০১৫ | ১১৩৭৮৭ | ১৭৫০০০ | ১৫০০০০ | ১৪০০০০ | | | ২০০০০০ | ২১০০০০ |
| | | [১.২] কল সেন্টার/ হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.২.১] আইনি পরামর্শ সেবা গ্রহীতার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০১২৬ | ৯৫০৫ | ১৬০০০ | ১৫০০০ | ১৩০০০ | | | ১৮০০০ | ২০০০০ |
| | | [১.৩] কারাবন্দীদের আইনি সহায়তা প্রদান | [১.৩.১] আইনগত সহায়তা পাওয়ার যোগ্য কারাবন্দীদের আইন সহায়তা প্রদানের হার | গড় | % | ৩ | | ৯৮.৭৩ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.৪] ৬৪ টি লিগ্যাল এইড অফিসের মাধ্যমে আইনগত পরামর্শ প্রদান | [১.৪.১] আইনি পরামর্শ সেবা প্রার্থী | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] আইনের সাথে সম্পর্কিত ও সংঘাতে জড়িত শিশুদের আইনি সহায়তা প্রদান | [১.৫.১] আইনি সেবা প্রদানের হার | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.৬] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | [১.৬.১] যোগ্য নারী আবেদনকারীগণকে আইন সহায়তা প্রদানের হার | গড় | % | ৩ | ৯৮.০৭ | ৯৭.২৭ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.৬.২] নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতে বাদীগণের আইনগত সহায়তা প্রদানের হার | গড় | % | ২ | | | ৯০ | ৮৫ | | | | ৯৫ | ১০০ |
| | | [১.৭] অনলাইন আইনগত সহায়তা কার্যক্রমের বিস্তার (স্মার্ট আইন সেবা) | [১.৭.১] লিগ্যাল এইড অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে আইনগত সহায়তা সেবাপ্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ ও আবেদন নিষ্পত্তি | সমষ্টি | সংখ্যা | ৩ | | ১২০০ | ১২০০ | ১৩০০ | | | | ১৪০০ | ১৫০০ |
| [২] আইনগত সহায়তা কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি | ১৫ | [২.১] আইনগত সহায়তা প্রদানকারীগণের আইনগত সহায়তা/চাকুরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | % | ৫ | ৩১৫ | ৬৮.২৫ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.১.২] প্রশিক্ষিত কর্মচারী | সমষ্টি | % | ৫ | ৪৯৩ | ৯৯.৩৩ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.১.৩] প্রশিক্ষিত প্যানেল আইনজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০ | ৩৯৬ | ৪৭৫ | ৪৫০ | | | | ৫০০ | ৫৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি প্রয়োগের মাধ্যমে মামলাজট হ্রাস | ১০ | [৩.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | [৩.১.১] মামলা দায়েরের পূর্বে/পরে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস /পোস্ট কেইস ম্যানেজমেন্ট) | সমষ্টি | সংখ্যা | ১০ | ২৬৪৮৫ | ২৪১১৪ | ২৬০০০ | ২৫০০০ | | | | ২৭০০০ | ২৮০০০ |
| [৪] আইনগত সহায়তা বিস্তারে সচেতনতামূলক কার্যক্রম | ১০ | [৪.১] আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | [৪.১.১] আইনগত সহায়তা বিষয়ে সচেতনতামূলক/প্রচারণামূলক সভা, সেমিনার, কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫৮৫ | ৩৬০ | ৪৫০ | ৪৪০ | | | | ৪৭৫ | ৫০০ |
| | | | [৪.১.২] আদালতের সহযোগী কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে আইনগত সহায়তা বিষয়ক উদ্বুদ্ধকরণ সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৪ | | ৩৫ | ৮০ | ৭৫ | | | | ১০০ | ১২০ |
| | | | [৪.১.৩] উঠান বৈঠক ও প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১১৩ | ১০১ | ১০০ | ৯০ | | | | ১১০ | ১২০ |
| [৫] আইনগত শিক্ষা বিস্তার। | ১০ | [৫.১] আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | [৫.১.১] আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা অথবা স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক সেশন পরিচালনা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪৫ | ২৭ | ৫০ | ৪০ | | | | ৫৫ | ৬০ |
| | | | [৫.১.২] জেলা লিগ্যাল এইড অফিস পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১০ | ৮ | | | | ১৫ | ২০ |
| | | | [৫.১.৩] পরিদর্শনে প্রদত্ত বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়নের হার | গড় | % | ৩ | | | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হিসাবে পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| পরিচালক<br>জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | ৩০. ০৬. ২০২৪<br>তারিখ |
| সচিব<br>আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ৩০-০৬-২০২৪<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিআর | বিকল্প বিরোধ নিষ্পত্তি |
| ২ | এনএলএএসও | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা |
| ৩ | পোস্ট-কেইস | মামলা দায়ের করা হয়ে গেছে অর্থাৎ চলমান মামলা |
| ৪ | প্যানেল আইনজীবী | প্রত্যেক জেলায় সরকারি খরচে লিগ্যাল এইড মামলা পরিচালনার জন্য জেলা জজ এর সভাপতিত্বে গঠিত কমিটির অধীনে নিযুক্ত আইনজীবী |
| ৫ | প্রি-কেইস | মামলা দায়ের করার পূর্বে উদ্ভূত বিরোধ |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর সর্বমোট সংখ্যা | | |
| [১.২] কল সেন্টার/ হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.২.১] আইনি পরামর্শ সেবা গ্রহীতার সংখ্যা | | |
| [১.৩] কারাবন্দীদের আইনি সহায়তা প্রদান | [১.৩.১] আইনগত সহায়তা পাওয়ার যোগ্য কারাবন্দীদের আইন সহায়তা প্রদানের হার | | |
| [১.৪] ৬৪ টি লিগ্যাল এইড অফিসের মাধ্যমে আইনগত পরামর্শ প্রদান | [১.৪.১] আইনি পরামর্শ সেবা প্রার্থী | | |
| [১.৫] আইনের সাথে সম্পর্কিত ও সংঘাতে জড়িত শিশুদের আইনি সহায়তা প্রদান | [১.৫.১] আইনি সেবা প্রদানের হার | | |
| [১.৬] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | [১.৬.১] যোগ্য নারী আবেদনকারীগণকে আইন সহায়তা প্রদানের হার | | |
| | [১.৬.২] নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতে বাদীগণের আইনগত সহায়তা প্রদানের হার | | |
| [১.৭] অনলাইনে আইনগত সহায়তা কার্যক্রমের বিস্তার (স্মার্ট আইন সেবা) | [১.৭.১] লিগ্যাল এইড অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে আইনগত সহায়তা সেবাপ্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ ও আবেদন নিষ্পত্তি | | |
| [২.১] আইনগত সহায়তা প্রদানকারীগণের আইনগত সহায়তা/চাকুরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | | |
| | [২.১.২] প্রশিক্ষিত কর্মচারী | | |
| | [২.১.৩] প্রশিক্ষিত প্যানেল আইনজীবী | | |
| [৩.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | [৩.১.১] মামলা দায়েরের পূর্বে/পরে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস /পোস্ট কেইস ম্যানেজমেন্ট) | | |
| [৪.১] আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | [৪.১.১] আইনগত সহায়তা বিষয়ে সচেতনতামূলক/প্রচারণামূলক সভা, সেমিনার, কর্মশালা আয়োজন | | |
| | [৪.১.২] আদালতের সহযোগী কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে আইনগত সহায়তা বিষয়ক উদ্বুদ্ধকরণ সেমিনার | | |
| | [৪.১.৩] উঠান বৈঠক ও প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | | |
| [৫.১] আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | [৫.১.১] আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা অথবা স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক সেশন পরিচালনা | | |
| [৫.১] আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | [৫.১.২] জেলা লিগ্যাল এইড অফিস পরিদর্শন | | |
| | [৫.১.৩] পরিদর্শনে প্রদত্ত বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়নের হার | | |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা অথবা স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক সেশন পরিচালনা | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | জেলা লিগ্যাল এইড অফিস পরিদর্শন | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | আইনগত সহায়তা বিষয়ে সচেতনতামূলক/প্রচারণামূলক সভা, সেমিনার, কর্মশালা আয়োজন | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | আদালতের সহযোগী কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে আইনগত সহায়তা বিষয়ক উদ্বুদ্ধকরণ সেমিনার | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদান বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কর্মশালা, উঠান বৈঠক, গণশুনানী ইত্যাদি আয়োজন | উঠান বৈঠক ও প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | মামলা দায়েরের পূর্বে/পরে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস /পোস্ট কেইস ম্যানেজমেন্ট) | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদানকারীগণের আইনগত সহায়তা/চাকুরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষিত কর্মকর্তা | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদানকারীগণের আইনগত সহায়তা/চাকুরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনগত সহায়তা প্রদানকারীগণের আইনগত সহায়তা/চাকুরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষিত প্যানেল আইনজীবী | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| অনলাইনে আইনগত সহায়তা কার্যক্রমের বিস্তার (স্মার্ট আইন সেবা) | লিগ্যাল এইড অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে আইনগত সহায়তা সেবাপ্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ ও আবেদন নিষ্পত্তি | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| নারী আবেদনকারীগণকে আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | যোগ্য নারী আবেদনকারীগণকে আইন সহায়তা প্রদানের হার | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| আইনের সাথে সম্পর্কিত ও সংঘাতে জড়িত শিশুদের আইনি সহায়তা প্রদান | আইনি সেবা প্রদানের হার | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| ৬৪ টি লিগ্যাল এইড অফিসের মাধ্যমে আইনগত পরামর্শ প্রদান | আইনি পরামর্শ সেবা প্রার্থী | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| কারাবন্দীদের আইনি সহায়তা প্রদান | আইনগত সহায়তা পাওয়ার যোগ্য কারাবন্দীদের আইন সহায়তা প্রদানের হার | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| কল সেন্টার/ হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | আইনি পরামর্শ সেবা গ্রহীতার সংখ্যা | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |
| গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর সর্বমোট সংখ্যা | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত বাজেট ও জনবল |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ